
# সাইফুর রহমানের মৃত্যু দুর্ঘটনা নাকি ষড়যন্ত্র, তদন্তের দাবি রিজভীর



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

বিএনপির সাবেক অর্থমন্ত্রী এম সাইফুর রহমানের মৃত্যু নিছক সড়ক দুর্ঘটনা ছিল নাকি এর পেছনে জাতীয় বা আন্তর্জাতিক কোনো ষড়যন্ত্র ছিল, তা খতিয়ে দেখা প্রয়োজন বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (৭ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবে এম সাইফুর রহমানের ১৭তম শাহাদাতবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, সাইফুর রহমান দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তার মৃত্যুর ঘটনাটি শুধুই দুর্ঘটনা ছিল, নাকি এর পেছনে কোনো চক্রান্ত ছিল, তা অনুসন্ধান করে বের করা উচিত।

সাইফুর রহমানের অর্থনৈতিক অবদানের কথা উল্লেখ করে তিনি বলেন, ভ্যাট চালুর সময় সমালোচনা হলেও পরবর্তীতে কোনো সরকার এটি বাতিল করেনি। দেশের রাজস্ব আদায়ে বর্তমানে ভ্যাট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

রিজভীর দাবি, সাইফুর রহমানের সময়ে দেশের অর্থনীতি তুলনামূলকভাবে সুশৃঙ্খল ছিল এবং তার নীতি ও ব্যবস্থাপনায় বৈদেশিক মুদ্রার রিজার্ভও শক্তিশালী অবস্থানে ছিল।

কৃষি ও গ্রামীণ অর্থনীতিতেও তার গুরুত্বপূর্ণ অবদান ছিল উল্লেখ করে রিজভী বলেন, উত্তরাঞ্চলের মঙ্গা মোকাবিলায় বিকল্প কর্মসংস্থান ও কৃষি বহুমুখীকরণে তিনি গুরুত্ব দিয়েছিলেন।

এম সাইফুর রহমানের ছেলে এম নাসের রহমানের সভাপতিত্বে আয়োজিত আলোচনা সভায় বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী ও বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।